

কেস স্টাডি

জ্যোতির আরও দুটো নেশার মধ্যে ছিল ফুটবল খেলা আর যাত্রা কিংবা শখের থিয়েটারে অভিনয় করা। জ্যোতির সবচেয়ে প্রিয় ভূমিকা ছিল -- ভক্ত হনুমান, লক্ষ্মণ, রাজা হরিশচন্দ্র, বীর প্রতাপাদিত্য। দুর্গা উৎসবের চারদিন মামাবাড়িতে নিত্য রাঁধা হতো আজকের হিসাবে প্রায় চারশো কিলোগ্রাম ওজনের চালের ভাত। এই ভাত রাঁধতেও জ্যোতি ও তার সঙ্গোপাঙ্গের উৎসাহ অপরিসীম। প্রসাদ পেতে কম লোকের সমাগম হতো না চাটুজ্যে-বাড়িতে। ভদ্রলোকদের জন্য রেওয়াজ ছিল সাদা ভাত আর অন্যান্য প্রজাদের জন্য ঘরের লাল চালের ভাত পরিবেশনের। একদিন এক জেলে প্রজা কিন্তু কিন্তু করে একটু সাদা ভাত চেখে দেখতে চাইল। শুনে জ্যোতির বড়ো মায়া হল। ছোটোমামার সঙ্গে গিয়ে সে বসন্তকুমারকে ধরল --- পরদিন থেকে সবার জন্যই এল সাদা ভাত।

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :-

ক) ফুটবল খেলতে লাগে -- হাত / পা / লাঠি দিয়ে।

খ) হনুমান ও লক্ষ্মণ চরিত্র দুটি দেখেছি -- ডোরেমানে / মহাভারতে / রামায়ণে।

গ) দুর্গা উৎসব পালিত হয় -- তিন / চার / পাঁচ দিন।

ঘ) ভাত তৈরি হয় -- চাল / গম / ভুট্টা দিয়ে।

ঙ) মামা বলতে বুঝি -- বাবার দাদা-ভাই / মায়ের দাদা-ভাই / কাকার ছেলে

চ) দুর্গাপূজা হয় - শীতকালে / বসন্তকালে / শরৎকালে।